গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mhapsd.gov.bd

**জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন<br>সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২১ মার্চ ২০২১ |
| সময় | : | বিকাল ০২:৩০ টা |
| স্থান | : | সভা কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি | : | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন, দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের সমন্বয়ে গঠিত নৈতিকতা কমিটিকে আরও সক্রিয় ভূমিকা পালন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা ও অনুশাসনসমূহ প্রত্যেককে যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং দপ্তর ও সংস্থা প্রধানদের সক্রিয় ও কার্যকর ভূমিকা পালন করতে হবে।

২. **আলোচনা:** জননিরাপত্তা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর ও সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ৩য় কোয়ার্টার ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির কার্যক্রম এবং করনীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩. অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি)' সভায় জানান যে, জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), বার্ষিক কর্মসম্পাদান চুক্তি (APA), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), উদ্ভাবনী কার্যক্রম ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে বাস্তবায়নের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ সচেষ্ট রয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জননিরাপত্তা বিভাগে আলাদা-আলাদা কমিটি ও ফোকাল পয়েন্ট নির্ধারন করা হয়েছে। ফোকাল পয়েন্ট এবং কমিটির সদস্য তাঁদের নিজ নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে এ কার্যক্রম বাস্তবায়ন করেন। এ কার্যক্রমগুলোর পরিধি দিন দিন বৃদ্ধি পাচ্ছে বিধায় অতিরিক্ত দায়িত্বে থেকে ফোকাল পয়েন্ট এবং সদস্য এ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে শতভাগ সফলতা অর্জন করতে পারছেন না। তাই এ সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়নে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), উদ্ভাবনী কার্যক্রম ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার জন্য পৃথক কর্মকর্তা ও কর্মচারী নিয়োজিত করা প্রয়োজন যারা এ বিষয়সমূহের দায়িত্ব পালন করবেন। অনেক মন্ত্রণালয় ও বিভাগে এ সংক্রান্ত পৃথক সেল/শাখা চালু করে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করছে। তাই জননিরাপত্তা বিভাগে পৃথক শাখা চালু করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৪. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ, প্রতি কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট কমিটি ও দপ্তর/সংস্থাসমূহের নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করাসহ কমিটির সংশ্লিষ্ট সদস্যদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়াও নিজ নিজ সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ (update) করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যও সভায় নির্দেশনা প্রদান করা হয়। কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্যবিধি অনুসরণ করে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৫. সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের সদস্যবৃন্দ পৃথক পৃথকভাবে তাদের দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন ও বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। ২০২০-২০২১ অর্থবছরে জননিরাপত্তা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে ঐকমত পোষণ করেন এবং যথাসময়ে নির্ধারিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করবেন মর্মে অঙ্গীকার ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

৬. সিদ্ধান্তসমূহ

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৬.১ | নিজ নিজ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জনের নিমিত্ত নৈতিকতা কমিটির সদস্য হিসেবে জননিরাপত্তা বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধানগণের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির কোয়াটার ভিত্তিক প্রতিটি সভায় উপস্থিতি আব্যশিকভাবে নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৬.২ | জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), বার্ষিক কর্মসম্পাদান চুক্তি (APA), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), উদ্ভাবনী কার্যক্রম ও তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রমসমূহ শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে প্রশাসনিক অনুবিভাগ প্রয়োজনীয় জনবল পদায়ন করবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)/ (প্রশাসন অনুবিভাগ) |
| ৬.৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বর্ণিত কার্যক্রমের বিপরীতে নির্ধারণকৃত কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে এ বিভাগের সকল অনুবিভাগের সম্পৃক্ততা থাকায় নিজ নিজ উইংয়ের সাথে সম্পৃক্ত টার্গেটসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল অনুবিভাগ প্রধানগণ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। | অনুবিভাগ প্রধান (সকল) |
| ৬.৪ | মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুসরণ পূর্বক জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর ও সংস্থাসমূহ ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম সম্পন্ন করবে। | জননিরাপত্তা বিভাগ শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি |
| ৬.৫ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নিজ নিজ সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ (update) করতে হবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৬.৬ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থাসমূহ কর্তৃক নিয়মিতভাবে স্ব স্ব দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান অব্যাহত রাখবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৬.৭ | নৈতিকতা কমিটির সভায় এ পর্যন্ত গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগ এবং আওতাধীন দপ্তর ও সংস্থার কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল যথাযথভাবে দায়িত্ব পালন করবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৬.৮ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে স্ব স্ব দপ্তর/সংস্থার জন্য নির্ধারিত বিষয়ের কার্যক্রম সুচারুরুপে সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের জন্য যে মাননির্ণয় পদ্ধতি নির্ধারন করা হয়েছে তাতে প্রথম স্থান অর্জন করার চেষ্টা অব্যাহত রাখতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৬.৯ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তাবায়ন সংক্রান্ত ধারাসমূহের (১৩টি ধারা) বিষয়ে মন্ত্রণালয় ভিত্তিক কার্যক্রমের সাথে সংগতি রেখে বর্ণিত 'ছক' টিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হলো। | জননিরাপত্তা বিভাগ |

৭. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে তাঁদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/৪/২১

মোস্তাফা কামাল উদ্দীন
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নং-৪৪.০০.০০০০.০২১.৯৯.০০২.১৯-০০২.২০২০-১৫৩

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭
০৮ এপ্রিল ২০২১

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব..................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৭। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা।
৮। উপসচিব (আইন-২/আইসিটি সেল/পুলিশ-৩/সীমান্ত-৩/বাজেট-১/রাজনৈতিক-১/পরিকল্পনা-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সদস্য- শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ফোকাল পয়েন্ট কমিটি)।
৯। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা {(সদস্য- শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ফোকাল পয়েন্ট কমিটি) সভার কার্যবিবরণীটি শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের জন্য অনুরোধ করা হলো}।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৮/৪/২০২১

আশাফুর রহমান
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: **admin3@mhapsd.gov.bd**

Y:\2021\শুদ্ধাচার\কার্যবিবরণী NIS, 21-03-2021- C.docx